

## লাইট হাউজ স্থাপন ও পরিচালন সহনো-চলাচল ক্ষেত্রে ভারত-বাংলাদেশ সহযোগিতা :অনুমোদন কেন্দ্রীয় মন্ত্রিসভার

নয়াদিল্লি, ১৬ মার্চ, ২০১৭

কেন্দ্রীয় জাহাজ চলাচল মন্ত্রকের লাইট হাউজ ও লাইট শিপস দপ্তর এবং বাংলাদেশ সরকারের জাহাজ চলাচল মন্ত্রকের মধ্যে সহযোগিতা প্রসার সম্পর্কিত একটি চুক্তির প্রস্তাবে বুধবার সম্মতি দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এদিন অনুষ্ঠিত হয় মন্ত্রিসভার বৈঠকটি।

প্রস্তাবিত চুক্তির আওতায় ভারত ও বাংলাদেশ সহযোগিতা বিনিময় করবে লাইট হাউজ সম্পর্কিত বিষয়ে। এছাড়াও, জাহাজ চলাচল পরিষেবা এবং স্বয়ংক্রিয় ব্যবস্থায় সমুদ্রে জাহাজ চিহ্নিত করার ক্ষেত্রে সহযোগিতাবদ্ধ হবে এই দুটি দেশ। এছাড়াও, নৌ-চলাচল ক্ষেত্রে নানা ধরনের সহযোগিতা প্রসারের সুযোগ থাকবে ভারত ও বাংলাদেশের মধ্যে।

প্রসঙ্গত উল্লেখ্য, দক্ষিণ এশিয়া অঞ্চলে ভারত ও বাংলাদেশ হল দুটি প্রধান বিকাশশীল দেশ। দুদেশের মধ্যেই রয়েছে সুদীর্ঘ এক মৈত্রী সম্পর্কের ঐতিহ্য এবং আন্তরিক সহযোগিতার নিবিড় বাতাবরণ। সাম্প্রতিক বছরগুলিতে দুদেশের বিশিষ্ট ব্যক্তিদের দ্বিপাক্ষিক সফর বিনিময়ের মধ্য দিয়ে এই ঐতিহ্য ও মৈত্রী সম্পর্কের বিষয়টি নানাভাবে প্রতিফলিত হয়েছে।